News Publish Date: 14th June 2017, Page: 12, Paper Name: The Daily Nayadiganta



mer, geenn eo dach oe an , oe ger a con newsjalach newschigente com





এনআইইটিতে সেইপ প্রোগ্রামের সনদপত্র বিতরণ



যুবকদের দক্ষ করে গড়ে তোলা ও বেকারত্বের হার কমানোর জন্য সারা দেশে বিভিন্ন কেত্রে প্রশিক্ষণ দিচ্ছে বাংলাদেশ ব্যাংকের এসএমই আড স্পেশাল প্রেয়াম বিভাগ। স্থিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোয়াম (সেইপ) প্রকল্পের আওতায় এ প্রশিক্ষণ দেয়া হচ্ছে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ ব্যাংকের সহযোগিতায় ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি (এনআইইটি) এ প্রোয়ামের আওতায় প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করে, যাতে ফ্রিল্যান্সিং ও গ্রাফিক্স ডিজাইনের উপর প্রশিক্ষণ অন্তর্ভুক্ত ছিল। তিন মাসব্যাপী প্রশিক্ষণে পাঁচটি ব্যাচে অংশ নেন ১২৫ জন ছাত্রছাত্রী। গত ১০ জুন ন্যাশনাল ইনস্টিটিউট অব ফ্যাশন টেকনোলজি মিলনায়তনে তাদের হাতে সনদপত্র তুলে দেয়া হয়। এ সময় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি জেনারেল ম্যানেজার ও স্পেশাল প্রেয়ামের চিন্ধ কো-অর্ডিনেটর মোন্তাফিজুর রহমান। বিশেষ অতিথি ছিলেন এনআইইটির উপদের্টা মো: আল-আমিন মোল্লা। অনুষ্ঠানে এনআইইটির চেয়ারম্যান ইঞ্জিনিয়ার মো: আবদুল আলিম সভাপতিত্ব করেন। ওই অনুষ্ঠানে বন্ডারা বলেন, আজ যারা গ্রাফিক্স ডিজাইন ও ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ নিলেন, আগামীতে তারা আইটি সেন্টরে ওক্তত্বপূর্ণ ভর্মিকা রাখবেন। তারা উদ্যোক্তা হয়ে বৈদেশিক মৃদ্রা অর্জন করবেন।